শেখ হাসিনার উদ্যোগ

পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি
কালিকাপুর, পটুয়াখালী।

ISO 9001:2015 Certified

ফোনঃ ০২৪৭৮৮৮০৫২০ E-Mail: patuakhali.pbs@gmail.com WEB: pbs.patuakhali.gov.bd

স্মারক নং-২৭.১২.৭৮৯৫.৫৪০.০২.০০৮.২৪. ৫২৮৯ তারিখঃ ২৬ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
০৯ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

## বিষয়ঃ পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতির নিম্নবর্ণিত পদে লোকবল নিয়োগের প্যানেল প্রস্তুতের লক্ষ্যে বাংলাদেশের বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার-কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে **সন্তোষজনক কাজের পূর্ব অভিজ্ঞতা সম্পন্ন** আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | বেতন স্কেল | প্রার্থীর যোগ্যতা |
|---|---|---|---|
| ০১ | মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) | সর্বশেষ যে পবিসের চাকুরী হতে ছাড়পত্র প্রদান করা হবে , সে পবিসের প্রদত্ত সর্বশেষ বেতনের প্রত্যয়নপত্র এবং পবিস বেতন কাঠামো - ২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৪,৭০০/- - ২৬,৪৮০/- টাকা এবং পবিস নির্দেশিকা ও বাপবিবোর্ডের সর্বশেষ সার্কুলার অনুযায়ী মূল বেতন ও অন্যান্য ভাতাদি প্রদেয় হবে। | **বয়স সীমাঃ** প্রার্থীর সর্বোচ্চ বয়স সীমা ৫২ বছর **(৩০/০৪/২০২৪খ্রিঃ তারিখে)।** **অভিজ্ঞতাঃ** আগ্রহী প্রার্থীর মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) কিংবা মিটার রিডার (চুক্তিভিত্তিক) কিংবা ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩(তিন) বছর/০৬(ছয়) বছর/০৯(নয়) বছর ধারাবাহিক ও সন্তোষজনকভাবে কর্মসম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে। |

**চাকুরীতে জ্যেষ্ঠতা নির্ধারণ:** উক্ত পদে জনবল নিয়োগের ক্ষেত্রে বাপবিবোর্ডের স্মারক নং- ২৭.১২.০০০০. ১১০. ৫৮. ০০১. ১৮. ৩৬২৫, তাং- ১২/১১/২০১৮ খ্রিঃ তারিখের নির্দেশনা অনুসরণ করে চাকুরীকাল (On Job Service Length) বিবেচনা করতঃ জ্যেষ্ঠতা নির্ধারণ পূর্বক প্যানেল প্রস্তুত করা হবে এবং চুক্তিভিত্তিক "মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)" পদে নিয়োগ দেয়া হবে।

প্রতি বৎসর শেষে একটি নির্দিষ্ট ফর্মে বার্ষিক কর্মমূল্যায়ন করা হবে। যার চুক্তিবদ্ধ সময়ের কর্মমূল্যায়ন সন্তোষজনক হবে, তাদের সাথে ০৩(তিন) বৎসরের চুক্তির মেয়াদ শেষে ০২/০১ দিনের বিরতি দিয়ে তার সাথে পুনরায় ০৩(তিন) বৎসরের চুক্তি সম্পাদন করা যেতে পারে। দাপ্তরিক কাজের স্বার্থে কর্তৃপক্ষ প্রয়োজন মনে করলে কর্মমূল্যায়ন সন্তোষজনক হওয়া সাপেক্ষে এরূপভাবে একজন মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার অত্র পবিসে সর্বোচ্চ (০৩+০৩+০৩) ০৯ বছর চুক্তিভিত্তিতে চাকুরী করতে পারবেন। কর্মকালীন সময়ের মধ্যে প্রার্থীর বয়স ৫৫ (পঞ্চান্ন) বছর পূর্ণ হলে চুক্তির পরিসমাপ্তি হবে।

**শর্তাবলী :**

০১। আবেদনকারীগনকে পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েবসাইট (**WEB:pbs.patuakhali.gov.bd**) হতে আবেদন ফর্ম (ফর্ম নং- পমাসপ-১১০-০০২, ভার্সন-০১) A4 সাইজের কাগজে ডাউনলোড পূর্বক নিজ হাতে পূরণ করে প্রয়োজনীয় যাবতীয় কাগজপত্রের কপিসহ আগামী **৩০/০৪/২০২৪খ্রিঃ তারিখ** পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি, কালিকাপুর, পটুয়াখালী এর বরাবর ডাক/কুরিয়ার যোগে প্রেরণ করতে হবে। নির্ধারিত আবেদন ফর্ম ব্যতিত অন্য কোন আবেদন ফর্মে/সাদাকাগজে/ টাইপকৃত/ সরাসরি কোন আবেদনপত্র অথবা উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।

০২। **আবেদন পত্রের সাথে যে সকল কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ**

ক) ০৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি।
খ) সকল শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত অনুলিপি।
গ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি।
ঘ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌরসভা/সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কমিশনারের নিকট হতে জাতীয়তা ও নাগরিকত্বের সনদপত্র।
ঙ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার অথবা বাপবিবো/পবিস কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

**(উপরোক্ত সকল কাগজপত্র প্রথম শ্রেণীর গেজেটেড সরকারী কর্মকর্তা কর্তৃক (নাম সম্বলিত সীলসহ ) সত্যায়িত হতে হবে।)**

চলমান পাতা-২

চ) বাপবিবোর্ডের সর্বশেষ নীতিমালা অনুযায়ী আবেদনকারীকে সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত অভিজ্ঞতার সনদ(ইতিপূর্বে কর্মরত পবিস সমূহের) আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে। যা এজিএম(প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত থাকতে হবে। অভিজ্ঞতার সনদপত্রে সর্বশেষ প্রাপ্ত মূল বেতন উল্লেখ থাকতে হবে। এছাড়াও প্রার্থী আবেদনপত্রে পূর্ব অভিজ্ঞতার (বছর ভিত্তিক অর্থাৎ প্রতিটি চুক্তিকাল তারিখ সহ ছকে উল্লেখ পূর্বক) বর্ণনা, জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। অভিজ্ঞতার সনদ ব্যতীত আবেদনপত্র বিবেচনা করা হবে না।
**বিলম্বে প্রাপ্ত আবেদন ও অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।**

০৩। দুই বা তার অধিক সহোদরের যে কোন একজন আবেদন করতে পারবেন। দুই সহোদর নিয়োগ প্রাপ্ত হলেও পরবর্তীতে তা প্রমানিত হলে নিয়োগপ্রাপ্ত উভয়ের চুক্তিই বাতিল করা হবে।

০৪। প্রার্থীকে সৎ,বিশ্বস্ত, মার্জিত ব্যক্তিত্ব, সুঠামদেহ ও সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে। প্রার্থীর নিজস্ব বাই-সাইকেল থাকতে হবে এবং বাই সাইকেল চালনায় পারদর্শী হতে হবে। প্রার্থীদের সর্বোচ্চ বয়সসীমা **৩০/০৪/২০২৪খ্রিঃ তারিখ** পর্যন্ত অর্থাৎ দরখাস্ত গ্রহণের সর্বশেষ তারিখে ৫২ (বায়ান্ন) বছরের মধ্যে হতে হবে।

০৫। অত্র পবিসের ভৌগলিক এলাকার স্থায়ী বাসিন্দা অর্থাৎ পটুয়াখালী জেলার পটুয়াখালী সদর, দুমকী, মির্জাগঞ্জ, বাউফল,দশমিনা, গলাচিপা, কলাপাড়া, রাঙ্গাবালী ও বরগুনা জেলার বরগুনা সদর, আমতলী, তালতলী ও বেতাগী উপজেলায় স্থায়ীভবে বসবাসকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

০৬। নিয়োগ প্রাপ্তদের প্রতিমাসে বাপবিবো নীতিমালা মোতাবেক নির্ধারিত সংখ্যক মিটার রিডিং গ্রহণ এবং সমসংখ্যক বিল গ্রাহক প্রান্তে পৌঁছাতে হবে।

০৭। ইতোপূর্বে অন্য কোন সংস্থায় ও পল্লী বিদ্যুৎ সমিতি হতে শৃংখলা জনিত কারনে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী/দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। প্রতারনামূলকভাবে কেহ তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন প্রকার তদন্ত ব্যতিরকেই তাৎক্ষনিকভাবে বরখাস্ত করণসহ দেশের প্রচলিত আইনানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮। অত্র সমিতিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারী বা বোর্ড পরিচালক/মহিলা পরিচালকগণের স্বামী/স্ত্রী অথবা তাদের রক্ত সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নেই। যদি কেউ তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হন তবে কোন প্রকার তদন্ত ব্যতিরেকেই তার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৯। কোন সমিতির সাথে চলমান চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বে কোন কারণে কোন মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) কিংবা মিটার রিডার (চুক্তিভিত্তিক) কিংবা ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে যদি অব্যাহতি প্রাপ্ত/অপসারিত/চাকুরীচ্যুত হন বা শৃঙ্খলা বিরোধী কাজে জড়িত থাকেন অথবা মেয়াদ পূর্তির পূর্বেই স্বেচ্ছায় অবসর গ্রহণ করেন তা হলে তিনি উক্ত পদে নিয়োগের সুযোগ পাবেন না।

১০। দুই বা তাঁর অধিক সহোদর বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদন করলেও একজনের বেশী নিয়োগপ্রাপ্ত হবেন না, দুই সহোদর নিয়োগপ্রাপ্ত হলেও পরবর্তীতে তা প্রমানিত হলে নিয়োগপ্রাপ্ত উভয়ের চুক্তিই বাতিল করা হবে।

১১। চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার এর চাকুরী শুধুমাত্র চুক্তির মেয়াদকালীন সময়ের জন্যই বলবৎ থাকবে, যা কখনো কোনক্রমেই নিয়মিত হবে না। এছাড়াও চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার কাম-ম্যাসেঞ্জারগণ কোন বিদ্যুৎ সংক্রান্ত ব্যবসা, রাজনীতি, অন্যকোন প্রতিষ্ঠানের চাকুরীতে সার্বক্ষনিক বা খন্ডকালীনভাবে নিয়োজিত হতে বা থাকতে পারবেন না।

চলমান পাতা-৩

১২। ইতাপূর্বে পুলিশ ভেরিফিকেশন না হয়ে থাকলে চাকুরীতে যোগদানের পর প্রার্থীর প্রাক-পরিচয় ও অন্যান্য তথ্য যাচাই করার জন্য পুলিশ ভেরিফিকেশন সম্পাদন করা হবে এবং সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন ব্যতীত চুক্তি নবায়ন করা হবে না। পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক না হলে চুক্তি বাতিল পূর্বক অব্যাহতি প্রদান করা হবে।

১৩। নিয়োগ প্রাপ্ত প্রার্থীকে অত্র সমিতির অনুকূলে নিরাপত্তা জামানত হিসেবে ১০,০০০/-(দশ হাজার) টাকা জমা দিতে হবে, যা সন্তোষজনকভাবে চুক্তি সমাপনান্তে ব্যাংক কর্তৃক প্রদত্ত মুনাফাসহ ফেরত দেয়া হবে।

১৪। বর্ণিত শর্তাবলী ছাড়া অন্য কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১/৪/২৪

(তুষার কান্তি মন্ডল)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

**অনুলিপিঃ**

০১॥ নির্বাহী পরিচালক,বাপবিবো, ঢাকা।
০২॥ পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (দঃঅঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০৩॥ একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়, বাপবিবো, ঢাকা।
০৪॥ সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার,--------------------পবিস-১/২/৩/৪ (বিজ্ঞপ্তি ও আবেদন ফর্মে আপনার পবিসের মানব সম্পদ/প্রশাসন বিভাগে সংরক্ষণ পূর্বক প্রার্থীগণের চাহিদা অনুযায়ী সরবরাহের বিশেষ অনুরোধ সহ)

**সদয় অবগতি ও বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য আপনার দপ্তরে নোটিশ বোর্ডে টানানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**

০৫॥ ডিজিএম, আমতলী/গলাচিপা/বরগুনা/কলাপাড়া/বাউফল জোনাল অফিস, পপবিস।
০৬॥ অফিসার ইনচার্জ, (দশমিনা/বেতাগী/মির্জাগঞ্জ/কুয়াকাটা/দুমকী/রাঙাবালী) সাব-জোনাল অফিস,পপবিস।
০৭॥ এজিএম(অর্থ-হিসাব/ওএন্ডএম/ইএন্ডসি/ রাজস্ব/সঃ সেবা/প্রশাসন) পপবিস।
০৮॥ এজিএম (আইটি), পটুয়াখালী পবিসের (সমিতির ওয়েব সাইটে বিজ্ঞপ্তি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো)
০৯॥ নোটিশ বোর্ড, পটুয়াখালী পবিস।

১/৪/২৪

(তুষার কান্তি মন্ডল)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে চাকুরীর আবেদন ফরম
(ফর্ম নং ঃ পমাসপ ১১০-০০২, ভার্সন-০১)

পাসপোর্ট সাইজের এক কপি ছবি এ ঘরে আইকা/আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে।

সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার
-----------------------পল্লী বিদ্যুৎ সমিতি।

১.নিয়োগ বিজ্ঞপ্তি নং- -------------------- **মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক)** ৩. পদের ধরণঃ চুক্তিভিত্তিক
(বিজ্ঞপ্তিতিতে যেভাবে উল্লেখ আছে)
২. আবেদনকৃত পদের নাম
(বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে)

৪. বিজ্ঞাপনের সূত্র /পত্রিকার নাম ৫. প্রকাশনার তারিখ-

------------------------------ --------------------------- ---------------------------------

৬. আবেদনকারীর পূর্ণ নাম(বাংলায়) (বড় হাতের অক্ষরে ইংরেজীতে) ৭. জন্ম তারিখ(------পরীক্ষার সনদ/নিবন্ধন অনুযায়ী)

----------------------------------- -----/-----/--------(দিন/মাস/বছর)

৮. মাতার নাম ৯. বয়স (------------------ খ্রিঃ তারিখে)

----------------------------------- -------------------------------------

১০. পিতার নাম ১১. ধর্ম

----------------------------------- -------------------------------------

১২. জাতীয়তা ও ভোটার আইডি নং ১৩. নিজ জেলা

--------------------------------

১৪. টেলিফোন/মুঠোফোন নম্বর ১৫. বৈবাহিক অবস্থা (টিক (√) দিন) ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৬. কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (√) দিন ঃ

☐ মহিলা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ☐ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র কন্যা ☐ এতিম ও শারীরিক প্রতিবন্ধি

☐ উপজাতি ☐ আনসার ও গ্রাম প্রতিরক্ষা ☐ অন্যান্য

১৭. স্থায়ী ঠিকানা ঃ

---------------------- ---------------------- ------------------------ ---------------
ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা/থানা ঘ. জেলা

১৮. যে ঠিকানায় প্রার্থী নিয়োগ পত্র পেতে ইচ্ছুকঃ প্রযত্নে- ---------------------------------------------------

---------------------- ------------------ ------------------------ ---------------------
ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা/থানা ঘ. জেলা

------------------------------------------- ------------------------------------------- ---------

১৯(ক) পোষ্টাল অর্ডার/ব্যাংক ড্রাফ্‌ট/পে-অর্ডার নম্বর (খ) পোষ্টাল অর্ডার/ব্যাংক ড্রাফ্‌ট/পে-অর্ডার এর মূল্য (গ) ইস্যুর তারিখ

২০. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে) ঃ

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ/বিভাগ/শ্রেণী | | সার্টিফিকেট/ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | সিজিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/শ্রেণী/গ্রেড | |
| এসএসসি/সমমান | | | | |
| এইচএসসি/সমমান | | | | |
| স্নাতক | | | | |

২১. অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে) ঃ

২২. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে) ঃ

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর/পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |

২৩. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয়( আত্মীয় ব্যতীত) ঃ

| নাম, পদবী/পেশা, ঠিকানা, টেলিফোন/মুঠো ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ১। |
| ২। |

আমি শপথ করে বলছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্তপূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমানিত হয়, তাহলে বাপবিবোর্ড/পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে বাপবিবো কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়ে যদি আমি মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হই, সেক্ষেত্রে মৌখিক পরীক্ষায় সাক্ষাৎকার প্রদানের সময় কর্তৃপক্ষের নিকট আমার সকল শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা সনদ এবং অভিজ্ঞতা সনদ এর ২(দুই) সেট অবিকল প্রতিলিপি **১ম** শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িতপূর্বক সরবরাহ করতে এবং মূল সনদসমূহ প্রদর্শণ করতে বাধ্য থাকবো।

------------------------ তারিখ

-------------------------------- আবেদনকারীর স্বাক্ষর

বিঃদ্রঃ- সরকারী /আধাসরকারী/স্বায়ত্তশাসিত সংস্থায় বা পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

